# এনফোর্সমেন্ট বুলেটিন

(ফেব্রুয়ারি, ২০২৫)




পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**
**ড. মোঃ কামরুজ্জামান**, এনডিসি
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**
**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**
**মুহাঃ শওকাত আলী**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**
**মো: আ: সালাম সরকার**
উপপরিচালক

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**মো: রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**
মার্চ ২০২৫

**প্রকাশক**
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, ফেসবুক: facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় ফেব্রুয়ারি/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ফেব্রুয়ারি/২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ৩৪৫টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৭৬০ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১১,২৬,১৭,৮৫০/- (এগার কোটি ছাব্বিশ লক্ষ সতের হাজার আটশত পঞ্চাশ) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ২৯৫২৬ কেজি পলিথিন ও ১১৮টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ১১৭টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ২,৯৬,৬২,৭৮০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ বাষট্টি হাজার সাতশত আশি ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ১০টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**মুহাঃ শওকাত আলী**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় ফেব্রুয়ারি ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ফেব্রুয়ারি ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | ফেব্রুয়ারি ২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | ফেব্রুয়ারি ২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

# পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় ফেব্রুয়ারি ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম:



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

ফেব্রুয়ারি ২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিবুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ১১৭ (একশত সতের) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ২,৯৬,৬২,৭৮০/- (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ বাষট্টি হাজার সাতশত আশি ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ১,২০,৭৪,৪৯৯/- (এক কোটি বিশ লক্ষ চুয়াত্তর হাজার চারশত নিরানব্বই) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক ফেব্রুয়ারি ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম:




চিত্র: ফেব্রুয়ারি/২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ ও সেবা সংযোগ বিচ্ছিন্নকরণ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণি পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ২টি প্রতিষ্ঠান ও ৯টি যানবাহন হতে মোট ৩ লক্ষ ৫৯ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাগেরহাট, রংপুর, কিশোরগঞ্জ, নীলফামারী, ঠাকুরগাঁও, কুড়িগ্রাম, মানিকগঞ্জ ও পঞ্চগড় জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২০টি অবৈধ ভাটা হতে মোট ১৩ লক্ষ ৩০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৪টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। চট্টগ্রাম, নীলফামারী ও বাগেরহাট জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৫টি প্রতিষ্ঠান মোট ১৫ হাজার ৯ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৩০৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**০৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ৪টি প্রতিষ্ঠান ও ৪টি যানবাহন হতে মোট ২৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। মেহেরপুর, মাগুরা, টাংগাইল, মাদারীপুর, মানিকগঞ্জ, খুলনা, ঝিনাইদহ ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২৫টি অবৈধ ভাটা হতে মোট ৩৯ লক্ষ ৭০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৪টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৫টি প্রতিষ্ঠান মোট ৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।




বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**০৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ৬টি প্রতিষ্ঠান ও ৪টি যানবাহন হতে মোট ৩১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নরসিংদী, শরীয়তপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮টি অবৈধ ভাটা হতে মোট ৩ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১ জন ইটভাটার ম্যানেজারকে ০৬ মাস করে বিনাশ্রম কারাদন্ড প্রদান এবং ৫টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর, নোয়াখালী, বরগুনা ও কুমিল্লা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৭টি প্রতিষ্ঠান মোট ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১৩৪২৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।




**০৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৬টি প্রতিষ্ঠান হতে মোট ৪৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুড়িগ্রাম, দিনাজপুর, টাংগাইল, মেহেরপুর, মাদারীপুর, চাঁদপুর, গাইবান্ধা, ফেনী, বান্দরবান ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩৯ টি অবৈধ ভাটা হতে মোট ১ কোটি ২৩ লক্ষ ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক এবং ১৪টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। যশোর ও নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ২১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৯৬ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।




বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও পাবনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী ও স্টিল মিল দ্বারা বায়ু দূষনের দায়ে ১০টি প্রতিষ্ঠান হতে মোট ৫ লক্ষ ১৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাগেরহাট, নরসিংদী, টাংগাইল, ফেনী, কুমিল্লা ও কুড়িগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২৪ টি অবৈধ ভাটা হতে মোট ৩৮ লক্ষ ৯০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৬টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। বগুড়া, যশোর ও মাদারীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৭টি প্রতিষ্ঠান মোট ৩০ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ২৯৭ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। বগুড়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১০টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ৭টি প্রতিষ্ঠান ও ৪টি যানবাহন হতে মোট ৪৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ঝিনাইদহ, কুমিল্লা, লক্ষীপুর, মানিকগঞ্জ ও ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১৮টি অবৈধ ভাটা হতে মোট ৪৮ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৫টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। রাজবাড়ী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান ২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৪৩ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬-এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী, কাঠ পুঁড়িয়ে কয়লার কারখানা ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ১৯টি প্রতিষ্ঠান ও ৩টি যানবাহন হতে মোট ৪৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায়সহ ১৫টি কাঠ পুঁড়িয়ে কয়লার কারখানার কার্যক্রম বন্ধ করা হয়। চাঁদপুর, সাতক্ষীরা, নীলফামারী, খুলনা, জামালপুর, পিরোজপুর, ফেনী, বরিশাল ও মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২৭টি অবৈধ ভাটা হতে মোট ৬৯ লক্ষ ৩০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১৭টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর, মাগুরা, যশোর ও ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৫টি প্রতিষ্ঠান মোট ৬৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৬৩৪ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে নারায়ণগঞ্জ জেলার অনন্ত ডেনিম টেকনোলজিকে ৮৮ হাজার ২ শত টাকা; খুলনা জেলার আস্থা ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারকে ২০ হাজার টাকা, অর্থো কেয়ার এন্ড জেনারেল হাসপাতালকে ২০ হাজার টাকা, প্রিন্স ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা, রাজশাহী জেলার হাইটেক স্পেশালাইজড হাসপাতালকে ২০ হাজার টাকা; ঢাকা জেলার এ আর মেটালকে ৫০ হাজার টাকা, এস এস রিসাইক্লিং ইন্ডাস্ট্রিজকে ৩০ হাজার টাকা, গুলশান মেডিকেয়ার লি: কে ৫০ হাজার টাকা, ডলফিন হাসপাতাল এন্ড ইনফার্টিলিটি সেন্টারকে ৩০ হাজার টাকা, রহমান স্পেশালাইজড হসপিটালকে ২০ হাজার টাকা, সুমাত্রা মটরসকে ২৫ হাজার টাকা; পটুয়াখালী জেলার রুপালী এলপিজি ফিলিং স্টেশন এন্ড কনভার্সন সেন্টারকে ৩০ হাজার টাকা, মাজেদা মেমোরিয়াল ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; টাঙ্গাইল জেলার একেএস হেলথ কেয়ারকে ২০ হাজার টাকা, ক্যাম্পস কিডনি এন্ড ডায়ালাইসিস সেন্টারকে ২০ হাজার টাকা; নেত্রকোনা জেলার মাধুরী ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; গাজীপুর জেলার পিকিউএস প্রিন্টিং এন্ড এমব্রয়ডারিকে ১ লক্ষ টাকা; ময়মনসিংহ জেলার নাসির ফুটওয়ার ইন্ডাস্ট্রিজ লি: কে ৮ লক্ষ টাকা; ঝিনাইদহ জেলার নিউ লাইফ হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা; মাদারীপুর জেলার ফারহানা হেলথ কেয়ার লিমিটেডকে ২০ হাজার টাকা; নরসিংদী জেলার মেসার্স এফ এফ টেক্সটাইলকে ৩০ হাজার টাকা, মেসার্স এস এম টেক্সটাইলকে ৩০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৯ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। লক্ষীপুর, কক্সবাজার, মাগুরা, কুমিল্লা, চট্টগ্রাম, সিরাজগঞ্জ, ফেনী, মেহেরপুর, গাজীপুর, কুড়িগ্রাম, নারায়ণগঞ্জ ও পিরোজপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২১টি অবৈধ ভাটা হতে মোট ৪২ লক্ষ ৭০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১০ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। শরীয়তপুর ও বরগুনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৫টি প্রতিষ্ঠান মোট ১৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ২০১ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**১২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার অবনী টেক্সটাইল লি: কে ২৮ লক্ষ ৮০ হাজার টাকা, আলোক হেলথ কেয়ার লি: কে ৩০ হাজার টাকা, এভারকেয়ার হসপিটালকে ২ লক্ষ ৬০ হাজার টাকা, আমেরিকান ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা; নরসিংদী জেলার সোনালী আশ ইন্ডাস্ট্রিজকে ২ লক্ষ টাকা, মেসার্স রতন রাইস মিলকে ৫০ হাজার টাকা, মেসার্স এলসন সাইজিংকে ১ লক্ষ টাকা; সিরাজগঞ্জ জেলার আপন টুইস্টিং মিলকে ৩০ হাজার টাকা; রাজশাহী জেলার রয়েল রাজ হোটেল এন্ড কন্ডোমিনিয়ামকে ৩০ হাজার টাকা, জমজম ইসলামী হাসপাতালকে ১ লক্ষ টাকা; গাজীপুর জেলার কায়েস গার্মেন্টস (প্রা:) লি: কে ৫০ হাজার টাকা; ঠাকুরগাঁও জেলার মেসার্স সিয়াম রায়হান হাস্কিং মিলকে ৩০ হাজার টাকা; জামালপুর জেলার মো: বেলায়েত হোসেনকে ১৪ লক্ষ ০৯ হাজার ৪ শত টাকা; নারায়ণগঞ্জ জেলার মেসার্স রহমান লাইমসকে ৩০ হাজার টাকা, মেসার্স ভাই ভাই ল্যাইমস ইন্ডাস্ট্রিজকে ৩০ হাজার টাকা; রংপুর জেলার কেয়ার হাসপাতালকে ৬০ হাজার টাকা; মুন্সীগঞ্জ জেলার নিউ মর্ডাণ ডায়াগনস্টিক এন্ড কনসালটেশন সেন্টারকে ২০ হাজার টাকা; জয়পুরহাট জেলার মা রিজিয়া এগ্রো লিমিটেডকে ১ লক্ষ টাকা; পঞ্চগড় জেলার মেসার্স ডিওবি ব্রিকসকে ১৫ লক্ষ টাকা; চাঁপাইনবাবগঞ্জ জেলার মেসার্স এ আরবি ব্রিকসকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। পিরোজপুর, ময়মনসিংহ, লালমনিরহাট, রংপুর, বান্দরবান, সিরাজগঞ্জ, মেহেরপুর, নোয়াখালী, ঝালকাঠি, নেত্রকোনা, পঞ্চগড়, লক্ষীপুর ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৩৩ টি অবৈধ ভাটা হতে মোট ৬০ লক্ষ ৮০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১১ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ভোলা, রংপুর ও মুন্সীগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান মোট ৬ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১০২১১ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৩ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৮ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে শরীয়তপুর জেলার এন আর বি ব্রেড বিস্কুট ফ্যাক্টরিকে ৩০ হাজার টাকা; মানিকগঞ্জ জেলার এভারলাইট ব্যাটারি রি-সাইকেলিং কোং লি: কে ২৯ হাজার ২ শত ৪০ টাকা, উথুলী ডায়াগনস্টিক সেন্টারকে ২০ হাজার টাকা, নিরাময় এক্সরে এন্ড প্যাথোলজিকে ৩০ হাজার টাকা, মর্ডাণ এক্সরে এন্ড প্যাথোলজি সেন্টারকে ২০ হাজার টাকা; শেরপুর জেলার আকন্দ হরমোন ল্যাবকে ২০ হাজার টাকা; বগুড়া জেলার আজাদ বাংলাদেশ জুট মিলসকে ১ লক্ষ টাকা, মেসার্স লক্ষী নারায়ণ ভান্ডারকে ১ কোটি ২৭ লক্ষ ২ হাজার টাকা; গাজীপুর জেলার তিতাস সোয়েটার ইন্ডাস্ট্রিজ লি: কে ৪ লক্ষ ১০ হাজার ৪ শত টাকা, রুপসানা জুটেক্সকে ২৪ লক্ষ টাকা; ঢাকা জেলার নিউ লাইফ এন্ড কোং (প্রা:) লিমিটেডকে ৩ হাজার ৮ শত ১০ টাকা, নাহার এগ্রো লি: কে ৩০ হাজার টাকা, মেডিহোপ জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ৪০ হাজার টাকা, হেলথকেয়ার ডায়াগনস্টিক সেন্টার লিমিটেডকে ৩ হাজার ৫ শত ৪৮ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৫টি প্রতিষ্ঠান হতে মোট ৩৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুমিল্লা, চট্টগ্রাম, ফরিদপুর, নোয়াখালী ও ফেনী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১৫ টি অবৈধ ভাটা হতে মোট ২৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৯ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। শরীয়তপুর ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান মোট ২ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১২৯৫০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৫ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহণ বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।





**১৬ ফেব্রুয়ারি ২০২৫ খিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ২২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ফেনী, মাদারীপুর, নোয়াখালী ও নেত্রকোনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮টি অবৈধ ভাটা হতে মোট ১৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়।





**১৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ২টি প্রতিষ্ঠান ও ৩টি যানবাহন হতে মোট ২৩ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ফেনী, মুন্সীগঞ্জ, সিলেট, সিরাজগঞ্জ ও ময়মনসিংহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২৭ টি অবৈধ ভাটা হতে মোট ১ কোটি ১৭ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৭টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ২টি যানবাহন হতে মোট ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৪ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অন্যূন ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৮ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে সিমেন্ট, সিরামিক কারখানা, নির্মান সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি যানবাহন ও ৬টি প্রতিষ্ঠান হতে মোট ৮ লক্ষ ১১ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চট্টগ্রাম, সুনামগঞ্জ, চাঁদপুর ও দিনাজপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি অবৈধ ভাটা হতে মোট ১৩ লক্ষ ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ১১টি যানবাহন হতে মোট ১১ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২১ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**১৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও কাঠ কয়লা দ্বারা বায়ু দূষনের দায়ে ৩২টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩০টি কাঠ কয়লার কারখানার কার্যক্রম বন্ধ করা হয়। ফরিদপুর, ফেনী ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮টি অবৈধ ভাটা হতে মোট ৫০ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ভোলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ২১১ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।






ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২০ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ফরিদপুর, ফেনী, ময়মনসিংহ, রংপুর ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২২ টি অবৈধ ভাটা হতে মোট ৭৫ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৪টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। শরীয়তপুর ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান মোট ২ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১২৯৫০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঝিনাইদহ জেলা ও ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন হতে মোট ৪ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৬টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**২৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে বর্জ্য পোড়ানো, নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ৫টি প্রতিষ্ঠান ও ৩টি যানবাহন হতে মোট ৩০ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। রাজবাড়ী, ঝালকাঠি, চট্টগ্রাম ও ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১১টি অবৈধ ভাটা হতে মোট ২৫ লক্ষ ৯৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১০টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। নওগাঁ, খুলনা, কুড়িগ্রাম জেলা কার্যালয় ও ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৫টি প্রতিষ্ঠান মোট ৪৪ হাজার ৩ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৬৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৭ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৯ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস" অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

**২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে বর্জ্য পোড়ানো, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চট্টগ্রাম ও চাপাইনবাবগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২০ টি অবৈধ ভাটা হতে মোট ৫৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৮টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। রংপুর, সুনামগঞ্জ, যশোর, চাঁদপুর জেলা কার্যালয় ও ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৭টি প্রতিষ্ঠান মোট ৬৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ২৪৩৭ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। গোপালগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৫টি যানবাহন হতে মোট ৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৮ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**২৭ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৪টি প্রতিষ্ঠান হতে মোট ৩০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বাগেরহাট, যশোর, কুড়িগ্রাম ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮টি অবৈধ ভাটা হতে মোট ৩৪ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৪টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়।







অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে


ইনকিলাব
THE DAILY INQILAB
WIRES


কালের কণ্ঠ
পুরো মাস কালেক্টেড ১ প্যাকে
বায়ুদূষণ ও পলিথিনের বিরুদ্ধে মোবাইল কোর্ট, ১৭ লাখ টাকা জরিমানা
JCX
BASHUNDHARA R/A




বার্তা২৪
বিকাশ থাকতে ক্যাশ ক্যান?
জাতীয়
চাঁপাইনবাবগঞ্জে অবৈধ ইটভাটা গুঁড়িয়ে দিল প্রশাসন



পাবনায় ১২ ইটভাটায় ৫০ লাখ টাকা জরিমানা, ৪টি উচ্ছেদ

পাবনার সদর উপজেলায় ১২টি অবৈধ ইটভাটায় অভিযান চালিয়ে ৫০ লাখ টাকা জরিমানা করেছে পরিবেশ অধিদপ্তর। একই সঙ্গে ৪টি অবৈধ ইটভাটাকে সম্পূর্ণভাবে উচ্ছেদ করা হয়েছে।



কুড়িগ্রামে ভ্রাম্যমান আদালতের অভিযানে একটি ইটভাটা বন্ধ ঘোষণা



মির্জাপুরে অবৈধ ইটভাটা ও মাটি লুটেরাদের বিরুদ্ধে অভিযান ৫ লক্ষাধিক টাকা জরিমানা

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে

দৈনিক আলোকিত সকাল

# নারায়ণগঞ্জে বায়ুদূষণ রোধে অভিযান, চার প্রতিষ্ঠানকে ৫ লাখ টাকা জরিমানা





এই সম্পর্কিত আরও খবর

অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক “রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে”



**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়